

# এই সময়

২৪ বৈশাখ ১৪২৩ শনিবার ৭ মে ২০১৬

## ছবির টানে বিশ্বভ্রমণ।

ফোটোগ্রাফির বোঁক  
ছেলেবেলা থেকেই। উৎসাহ  
পেলে আকর্ষণ বাড়ে।  
বছকাল পড়াশোনা, চাকরি  
এবং নানা দায়িত্ব পালন  
করতে গিয়ে সে ভালোবাসার



প্রতি যথেষ্ট নজর দিয়ে উঠতে পারেননি। বোকোরো স্টিল প্ল্যান্ট-এ চাকরির সময়ই  
ফোটোগ্রাফি নিয়ে প্রকৃত চর্চা শুরু হয় সজল ঘোষের। ফোটোগ্রাফির টানেই বিশ্বের  
বিভিন্ন দেশে ঘুরেছেন, লেন্সবন্দি করেছেন জীবনের নানা দিক। শুক্রবার থেকে  
'বিড়লা একাডেমি অফ আর্ট অ্যান্ড কালচার'-এ তাঁর তোলা ছবি নিয়ে শুরু হয়েছে  
'একক স্থির চিত্র প্রদর্শনী'। ভারত ছাড়াও সিঙ্গাপুর, চীন, কেনিয়া, জর্ডন, দক্ষিণ  
আফ্রিকা-সহ নানা দেশে তোলা ছবি প্রদর্শনীতে স্থান পেয়েছে। আগামী কাল,  
রবিবার পর্যন্ত প্রদর্শনী চলবে।